৫০

আজকের কাগজ

তারিখ 30 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

# তালায় এইচএসসি পরীক্ষার্থী গ্রেফতার

গত ১৯ জুলাই তালা থানার পাটকেলঘাটা কলেজে এইচএসসি পরীক্ষা চলাকালে উদয় শংকর মজুমদার নামে একজন পরীক্ষার্থীকে পুলিশ গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত পরীক্ষার্থীর বাড়ি থানার ইসলামকাঠি গ্রামে। তার পরীক্ষার রোল নং-৩৪০৮২৩, রেজিঃ নং-০৪১৬২৭। জানা গেছে, গত ১৮ জুলাই উক্ত পরীক্ষা কেন্দ্রের ২০১ নং কক্ষ থেকে ২টি খাতা খোয়া যায়। এই দু'টি খাতা ধৃত উদয় শংকর বাড়িতে নিয়ে গিয়ে একটা খাতায় ১৪ পৃষ্ঠা প্রশ্নোত্তর লিখে আনে। ১৯ জুলাই পরীক্ষা চলাকালে পরীক্ষক খাতা পরিদর্শনের সময় দেখতে পান উদয় শংকরের খাতায় ১৪/১৫ পৃষ্ঠা উত্তর লেখা হয়ে গেছে। এতো অল্প সময়ে এতোগুলো পৃষ্ঠা লেখা দেখে পরীক্ষকের সন্দেহ হয়। তিনি উদয় শংকরকে জিজ্ঞাসাবাদ করলে আসল সত্য বেরিয়ে আসে। সঙ্গে সঙ্গে তিনি অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করেন এবং উদয় শংকরকে পুলিশের হাতে সোপর্দ করা হয়। পুলিশ তাকে গ্রেফতার করে কোর্ট হাজতে প্রেরণ করে। তালা থেকে রফিকুল ইসলাম।